

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.২২.২২৬৯

তারিখ: ১২ জুন ২০২৪


বিষয়: বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের ৫ দিন মেয়াদী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের ৫ দিন মেয়াদী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। সে আলোকে ইতোমধ্যে অনুমোদিত ডিপিপি আলোকে ৫ দিন মেয়াদী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজনের জন্য বাজেট বিভাজন ও প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা হয়েছে। উক্ত আবাসিক প্রশিক্ষণ জেলা পর্যায়ে যে কোন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান/অন্যান্য স্থানে আয়োজন করা যাবে।

২। জেলার উপপরিচালকগণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে প্রশিক্ষণ শুরুর তারিখ চূড়ান্ত করে প্রকল্প দপ্তরকে অবহিত করবেন। এছাড়া ৫ দিন মেয়াদী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী সুফলভোগী সদস্যদের তালিকা নিম্নবর্ণিত ছকে জেলার উপপরিচালক চূড়ান্ত করে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেরণপূর্বক অনুলিপি প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, যে জেলায় প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে সে জেলার উপপরিচালকের নিকট অন্য উপজেলা/জেলার তালিকা প্রেরণ করবেন।

ছক

ক্র. নং	জেলার নাম	উপজেলার নাম	সদস্যের নাম ও আইডি নং	বয়স	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর	বৈবাহিক অবস্থা	মন্তব্য


মোহাম্মদ রাশেদুদ্দীন আলম
প্রকল্প পরিচালক
ফোন : ০২-৪১০১০৩৪১

১। উপপরিচালক (সকল)

বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত)।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. অফিস নথি।